



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
সরেজমিন উইং  
খামারবাড়ি, ঢাকা-১২১৫  
([www.dae.gov.bd](http://www.dae.gov.bd))

স্মারকলিপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে চলতি “ কার্তিক মাস কৃষকভাইদের করণীয়” বিষয়ে একটি লিফলেট এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। এ লিফলেটটি মুদ্রন করে আপনার অঞ্চল / জেলার কৃষকভাইদের মাঝে ব্যাপক ভাবে প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং এ বিষয়ে অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য বলা হলো।

সংযুক্ত : কার্তিক মাসে কৃষকভাইদের করণীয় - ১ (এক) পৃষ্ঠা।

  
(চৈতন্য কুমার দাস)  
পরিচালক  
সরেজমিন উইং  
ফোনঃ ৮১২৩১৪৭।  
  
২৬/১০/১৩

স্মারক নং : ১২.১০.০০০০.০০৪.১৬.০৫২.১৩ (২য় অংশ)/ ১৬৬৮(১০) তারিখঃ ২৭/১০/২০১৩

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। পরিচালক, প্রশাসন ও অর্থ/হটিকালচার/প্রশিক্ষণ/উদ্ভিদ সংরক্ষণ/উদ্ভিদ সংগনিরোধ/ক্রপস/পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ডিএই, খামারবাড়ি, ঢাকা। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- অঞ্চল (১৪টি)।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- জেলা (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫।



## কার্তিক মাস কৃষকভাইদের করণীয়

১. এমাসে ঘূর্ণিঝড়, তুফান ও জলোচ্ছ্বাস হতে পারে। প্রয়োজনীয় সতর্কতা ও প্রস্তুতি রাখতে হবে;
২. এ মাসে হঠাৎ বৃষ্টিতে রোপণকৃত শাকসবজির চারা নষ্ট হতে পারে। শাকসবজি রক্ষার জন্য পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে;
৩. বন্যার পানি নেমে যাওয়ার সাথে সাথে বিনা চাষে বারি ৯, বারি ১৫, বারি ১৬ সরিষা, মশুর, খেসারি, পানি কচু বপন/রোপন করুন;
৪. খরা সহনশীল ছোলা, মুগ, তিল, তিষি, যব ইত্যাদি বপন করুন;
৫. মাদায় মিষ্টিকুমড়া ও লাউয়ের বীজ বপন করুন;
৬. বন্যার পানি নেমে যাওয়ার সাথে সাথে বিনাচাষে মালচিং দিয়ে আলু ও রসুন আবাদ করুন;
৭. মাটিতে জো আসার সাথে সাথে শীতকালীন শাক-সবজির বীজ বপন করুন; কার্তিক মাসের শেষ সপ্তাহ থেকে বোরো ধানের বীজতলায় বীজ বপন করুন
৮. চীনাবাদামের বীজ বপন করুন;
৯. মাসের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত খরা কবলিত রোপা আমন ধানে ফিতা পাইপ ব্যবহার করে সম্পূরক সেচ দিন;
১০. মাসের শেষ সপ্তাহে গম বীজ বপন করুন;
১১. আগাম শীতকালীন সবজি চাষ করুন;
১২. মাসের তৃতীয় সপ্তাহ পর্যন্ত উঁচু স্থানে, পলিব্যাগে অথবা বেডে আখের চারা তৈরি করুন;
১৩. ভুট্টা বীজ বপন করুন;
১৪. সেচ নালা সংস্কার ও মেরামত করুন।
১৫. লাউ, শিমের রোপণ ও পরিচর্যা নিশ্চিত করুন।
১৬. রবি মৌসুমে ব্যবহারের জন্য সংরক্ষিত বীজ ভালভাবে পর্যবেক্ষণ করুন এবং প্রয়োজনে একটি রোদ দিয়ে বীজ ঠান্ডা করে সংরক্ষণ করুন;
১৭. শীতকালীন (লাউ, শিম, ফুলকপি, বাধাকপি, বেগুন, টমেটো) সবজি চাষ করুন;
১৮. আমন ধানের জমিতে মাজরা পোকা, বাদামী গাছ ফড়িং, পাতা মোড়ানো ও খোল পোড়া (Sheath blight) ও পচা রোগের আক্রমণ নিয়মিত পর্যবেক্ষণ করুন এবং প্রতিকারের ব্যবস্থা নিন।
১৯. আমন ধানের মাজরা পোকা দমনে এবং বাদামী গাছ ফড়িং পোকাকার উপস্থিতি সনাক্তকরণে নিয়মিত আলোক ফাঁদ ব্যবহার এবং জরীপ করুন;
২০. আম, আপেল কুল, বাউ কুলসহ বিভিন্ন ফল গাছে রিং পদ্ধতিতে সার প্রয়োগ করুন ও পরিচর্যা করুন।





